# এক নজরে কসমো স্কুলের কার্যক্রম-২০১৬

আলোকিত মানুষ গড়ার লক্ষে ২০১৩ সালে ঢাকার মিরপুরে আনুষ্ঠানিকভাবে শুরু হয় কসমো স্কুলের বার্ষিক কার্যক্রম। বহু মানুষের স্বপ্ন, ত্যাগ, শুভকামনা, সহযোগিতা ও পরামর্শে স্কুল এখন পঞ্চম বছরে পদার্পণ করেছে। ইতোমধ্যে, কসমো স্কুল ২০১৬ সালে চতুর্থ বার্ষিক বছরের শিক্ষা কার্যক্রম সম্পন্ন করেছে। নিম্নে ২০১৬ সালের কার্যক্রমসমূহের একটি চিত্র তুলে ধরা হল :

## ১. পাবলিক পরীক্ষায় অর্জন:

২০১৬ সালে কসমো স্কুলের পিইসি পরীক্ষার্থী ছিল ২৮ জন। এদের মধ্যে ২৫ জন A+ অর্জন করেছে। একই সালে জেএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ২৩। এদের মধ্যে ৪ জন গোল্ডেন A+ সহ মোট ১১ জন A+ অর্জন করেছে। ২০১৬ সালে প্রথমবারের মত এস এস সি পরীক্ষায় অবতীর্ণ হয়েছিল মোট ৯ জন শিক্ষার্থী যাদের মধ্যে ৪ জন গোল্ডেন A+ সহ মোট ৭ জন A+ পেয়েছেন।

উল্লেখ্য, ২০১৩, ২০১৪ এবং ২০১৫ এর ফলাফলও ছিল সন্তোষজনক। প্রতি বছর পাবলিক পরীক্ষায় অর্জিত ফলাফল মূল্যায়ন করে আরো ভালো ফল লাভের জন্যে সংশ্লিষ্ট পক্ষসমূহের কাছ থেকে সহায়ক চিন্তা ও প্রচেষ্টা অব্যাহত রাখার ব্যাপারে স্কুল সচেষ্ট। নিম্নে বিগত বছরগুলোর ফলাফল উপস্থাপন করা হলো :

| পিইসি | | | | জেএসসি | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| সাল | মোট শিক্ষার্থী | A+ | A | সাল | মোট শিক্ষার্থী | A+ | A | A- |
| ২০১৬ | ২৮ | ২৫ (বৃত্তির ফলাফল এখনও প্রকাশিত হয় নি) | ৩ | ২০১৬ | ২৩ | ১১ (*৪ জন গোল্ডেন A+) | ১১ | ১ |
| ২০১৫ | ২৪ | ২১ | ৩ | ২০১৫ | ১৬ | ১০ (*২ জন গোল্ডেন A+) | ৬ | - |
| ২০১৪ | ২০ | ১৫ *১ জন ট্যালেন্টপুল *২ জন সাধারণ বৃত্তি | ৫ | ২০১৪ | ১৭ | ৪ (*৩ জন গোল্ডেন A+) | ১২ | ১ |
| ২০১৩ | ১৪ | ১৩ | ১ | ২০১৩ | ১০ | ৮ (*৪ জন গোল্ডেন A+) | ২ | - |

| এস এস সি | | | |
|---|---|---|---|
| সাল | মোট শিক্ষার্থী | A+ | A |
| ২০১৬ | ০৯ (বিজ্ঞান বিভাগ) | ০৭ (*৪ জন গোল্ডেন A+) | ২ |
| ২০১৭ | ০৮ (৪ জন বিজ্ঞান বিভাগ এবং ৪ জন ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে) | যাদের ফল এখনো প্রকাশের অপেক্ষায় | |

২০১৩, ২০১৪, ২০১৫ এবং ২০১৬ সালের PEC এবং JSC পরীক্ষায় কসমো স্কুলের ফলাফলের ক্ষেত্রে প্রতিটি ধাপেই সাফল্য এসেছে। শিক্ষার্থীদের নতুন আঙ্গিকে অর্থাৎ 'ফুল টাইম স্কুলিং সিস্টেমে' পড়ালেখায় অনভ্যস্ত শিক্ষার্থীদের সবার ব্যাকগ্রাউন্ড ইংরেজি ভার্সনের ছিল না। উপরন্তু কোনো কোনো শিক্ষার্থী আগে থেকেই বাংলা, ইংরেজি এবং গণিতে ছিল মাঝারি মানের। কিন্তু কসমো স্কুল সবাইকে একভাবে মূল্যায়নের ব্যাপারে সচেষ্ট থেকে পৃথকভাবে যত্নায়নের দায়িত্ব নেয়। হোস্টেল সিস্টেমের আওতায় নিবিড় পর্যবেক্ষণ ছিল সফল উদ্যোগগুলোর মধ্যে একটি। PEC এবং JSC শিক্ষার্থীদের প্রতি শিক্ষকদের অখণ্ড মনোযোগ থাকায় মোটামুটি মানের শিক্ষার্থীরা ভালো গ্রেডের আওতায় এসেছে। উল্লেখ্য, ২০১৭-তে দ্বিতীয়বারের মতো এসএসসি পরীক্ষায় অবতীর্ণ হয়েছে ৮জন শিক্ষার্থী, যাদের ফলাফল এখন প্রকাশের অপেক্ষায়।

## ২। আউটডোর পারফরমেন্স:

কসমো স্কুলের শিক্ষাকার্যক্রম ইনডোরে কেন্দ্রীভূত নয়। স্কুলের তত্ত্বাবধানে চতুর্থ থেকে নবম শ্রেণির (৫ম ও ৮ম শ্রেণি ব্যতীত) শিক্ষার্থীদের মিরপুর সুইমিং কমপ্লেক্স এ সাঁতার শেখানোর কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। "সেরা সাঁতারুর খোঁজে বাংলাদেশ" জাতীয় সুইমিং কমপ্লেক্স মিরপুর এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় বাছাইকৃত শিক্ষার্থীরা প্রথমবারের মতো জাতীয় পর্যায়ের একটি প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। কোনো বিশেষ প্রশিক্ষণ ছাড়াই শুধুমাত্র আগ্রহকে সামনে রেখে ২৫ জন শিক্ষার্থী সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। শিক্ষার্থীদের সৃজনশীল করার ব্যাপারে এবং তাদের মন ও মানস বিকাশের লক্ষে স্কুলের তত্ত্বাবধানে শিক্ষার্থীদের বিভিন্ন চিত্রপ্রদর্শনীতে নিয়ে যাওয়া হয়। উল্লেখ্য, আঁলিয়াস ফ্রাঁসেস, ধানমন্ডিতে "ফড়িং চিত্রপ্রদর্শনী" শীর্ষক প্রদর্শনীতে শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। আয়োজকবৃন্দ কসমো স্কুলের শিক্ষার্থীদের জন্যে ছবি আঁকার বিশেষ ব্যবস্থা গ্রহণ করেন। শিক্ষার্থীরা ফড়িং নিয়ে বিভিন্ন ফটোগ্রাফের অবিকল রূপ চিত্রিত করেছে রঙ ও তুলির পরশে। এবং তাদের আঁকা ছবি গুণীজনদের কাছে প্রশংসিত হয়।

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | "সেরা সাঁতারুর খোঁজে বাংলাদেশ" জাতীয় সুইমিং কমপ্লেক্স মিরপুর, ঢাকা প্রতিযোগীতায় অংশগ্রহণকারী-(২৫ জন) | ১৯/০৫/১৬ |
| ২. | "ফড়িং চিত্রপ্রদর্শনী" (অংশগ্রহণকারী-২০ জন) স্থান: আঁলিয়াস ফ্রাঁসেস, ধানমন্ডি। | ০৮/০৮/১৬ |

## ৩। আউটিং প্রোগ্রাম

শিক্ষাকে শুধু তত্ত্বীয় না করে প্রায়োগিক করার লক্ষে, যেটুকু সম্ভব তা বাস্তবে পর্যবেক্ষণ এবং জানার সুযোগ যেন শিক্ষার্থীরা পায় সে বিষয়টিকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করে স্কুলের সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয়েছে। Outing Places অর্থাৎ বিভিন্ন স্থানকে চিহ্নিত করে পরিকল্পনা মাফিক সেখান থেকে প্রয়োজনীয় জ্ঞান অর্জন করা এই প্রোগ্রামের উদ্দেশ্য। এ বছর স্কুল শিক্ষার্থীরা স্টাডি ট্যুরে গিয়ে যে অভিজ্ঞতা অর্জন করলেন তার উপর এসাইনমেন্ট এবং প্রয়োজনে নম্বর প্রদানের মাধ্যমে তাদের জানার আগ্রহকে বাড়ানোর কথা ভাবছে।

### আউটিং প্রোগ্রাম

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | শ্রেণি | তারিখ |
|---|---|---|---|
| ১. | অমর একুশে গ্রন্থমেলা | সকল শ্রেণি | ফেব্রুয়ারি মাসের বিভিন্ন তারিখে |
| ২. | বিজ্ঞান যাদুঘর | ৪র্থ শ্রেণি | ৩০/০৭/১৬ |
| ৩. | সোনারগাঁ | ৯ম এবং ১০ম শ্রেণি | ০৩/০৯/১৬ |
| ৪. | বিমান যাদুঘর , আগারগাঁও | প্রেপ-১ | ২৪/০৯/১৬ |
| ৫. | মুক্তিযুদ্ধ যাদুঘর, সেগুনবাগিচা | ৪র্থ শ্রেণি | ২৯/০৯/১৬ |
| ৬. | সাফারি পার্ক, গাজীপুর | ৭ম এবং ৮ম শ্রেণি | ০১/১০/১৬ |
| ৭. | বঙ্গবন্ধু যাদুঘর | ৩য় শ্রেণি | ০৪/১০/১৬ |
| ৮. | ময়নামতি, কুমিল্লা | ৫ম এবং ৬ষ্ঠ শ্রেণি | ১৭/১০/১৬ |
| ৯. | বিজ্ঞান যাদুঘর, সেগুনবাগিচা | ৬ষ্ঠ শ্রেণি | ২৪/১০/১৬ |
| ১০. | বিমান যাদুঘর, আগারগাঁও | প্রেপ-২ | ২৯/১০/১৬ |
| ১১. | বিজ্ঞান যাদুঘর, সেগুনবাগিচা | ২য় শ্রেণি | ০৫/১১/১৬ |
| ১২. | চিড়িয়াখানা | ১ম শ্রেণি | ০৩/১১/১৬ |

প্রতিবছর বাংলা একাডেমি প্রাঙ্গণে আয়োজিত অমর একুশে গ্রন্থমেলায় শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ তাদেরকে মাতৃভাষার প্রতি সচেতন করে তুলছে। তাদের কলকাকলিতে মুখরিত হয় গ্রন্থমেলা প্রাঙ্গণ। Social studies এবং Bangladesh and global studies এ অধ্যয়নরত শিক্ষার্থীরা প্রতি বছর জাতীয় যাদুঘর প্রদর্শন করে। বাংলাদেশের ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক, নৃ-তাত্ত্বিক, শিল্পকলা ও প্রাকৃতিক ইতিহাস সম্পর্কিত নিদর্শন, ইতিহাস, শিল্পকলা, বিশ্বসভ্যতা, ভূপ্রকৃতি, বনজ সম্পদ, খনিজ সম্পদ, গাছপালা, ফলমূল, পশুপাখি, কীটপতঙ্গ প্রভৃতি সম্পর্কে ধারণা লাভ করে। স্বাধীন দেশের ইতিহাস পাঠ্যপুস্তকে পড়ার পাশাপাশি তার আবেদন যেন অনুভব করতে পারে সেজন্যে প্রতি বছর শিক্ষার্থীরা সেগুনবাগিচায় অবস্থিত মুক্তিযুদ্ধ যাদুঘর পরিদর্শন করে। উদ্ভিদবিজ্ঞানকে আরো ভালভাবে আত্মস্থ করার জন্যে শিক্ষার্থীদের বোটানিক্যাল গার্ডেনে নিয়ে যাওয়া হয়। চিড়িয়াখানায় গিয়ে প্রাণির বিচিত্র জীবন বাস্তবে দেখার অভিজ্ঞতা হয় ছাত্র-ছাত্রীদের। শিশুদের বিজ্ঞানমনস্ক করতে প্রতি বছর বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে যাওয়া হয় বিজ্ঞান যাদুঘরে। যে সৃষ্টি যে আবিষ্কার সম্পর্কে তারা বই পড়ে ধারণা লাভ করছে সেগুলোই তারা কাছ থেকে দেখে পুরো বিষয়টি স্মৃতিতে ধারণ করে রাখে। আর বিজ্ঞানী হওয়ার স্বপ্ন দেখে।

## ৪। আফটারনুন সেশন প্রোগ্রাম

ফুল টাইম স্কুলিং সিস্টেমে পরিচালিত কসমো স্কুল আফটারনুন সেশন প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীদের সৃজনশীল করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিচালিত এ প্রোগ্রামে শিক্ষার্থীদের পুরোপুরি কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে যাওয়া সম্ভব হয়ে ওঠেনি। তবে এ বছরে বিষয়টিকে আরো যত্ন সহকারে দেখা হচ্ছে। ইতোমধ্যে গান, আর্ট, গিটার (৪র্থ-১০ম শ্রেণি) বিষয়গুলোকে শিক্ষার্থীদের লেভেল অনুযায়ী একটি কারিকুলামের আওতায় এনে শেখানোর চেষ্টা করা হচ্ছে। শেখার পাশাপাশি শিক্ষার্থীরা যেন যেকোন একটি বিষয়ে চূড়ান্ত দক্ষতা অর্জন করতে পারে সেদিকে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হবে। শিক্ষার্থীরা ইংরেজি ভাষার পাশাপাশি দেশি সংস্কৃতির সাথে তারা যেন একাত্ম হতে পারে সেজন্যে রয়েছে প্রতি বৃহস্পতিবার "সাংস্কৃতিক সপ্তাহ" পালন। এছাড়াও নৈতিক শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে স্কুলে নৈতিক শিক্ষার বিষয়টি ৩টি পর্যায়ে ভাগ করে পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীদের কায়দা, আমপারা, কোরআন তিনটি পর্যায়ে ভাগ করে কোরআন শিক্ষার প্রক্রিয়াটি সম্পাদন করা হয়।

আফটারনুন সেশন প্রোগ্রাম-

- নৈতিক শিক্ষা
- ছবি অঙ্কন
- সংগীত চর্চা
- গিটার প্রশিক্ষণ
- নৃত্য
- সাংস্কৃতিক সপ্তাহ পালন

**সাংস্কৃতিক সপ্তাহ (বিশেষ পর্ব)**

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | রবীন্দ্র প্রয়াণ দিবস স্মরণে | ০৪/০৮/১৬ |
| ২. | নজরুল প্রয়াণ দিবস স্মরণে | ০১/০৯/১৬ |

## ৫। বার্ষিক প্রোগ্রামসমূহ

বারো মাসে তের পার্বণ, কসমো স্কুল শুরু থেকে শিক্ষার্থীদের দেশি সংস্কৃতির সাথে পরিচয় করানো এবং তা অন্তরে ধারণ ও লালন করার ব্যাপারে সচেতন। জাতীয় দিবসগুলো যথাযথ সম্মান ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালিত হয়। এ সমস্ত অনুষ্ঠানে কসমো স্কুলের সর্বস্তরের শুভানুধ্যায়ীরা অংশগ্রহণ করে শুভকামনায় সিক্ত করেন। এছাড়া, কসমো স্কুলের স্বপ্ন যেন সর্বস্তরের মানুষ সহজে জানতে ও বুঝতে পারেন সেজন্যে প্রতি বছর বান্দরবানের লামা সাফারিতে শিক্ষার্থী-শিক্ষক-অভিভাবক ও স্বেচ্ছা উদ্যোক্তাবৃন্দের মিলন মেলা অনুষ্ঠিত হয়।

## ২০১৫ সালে অনুষ্ঠিত বার্ষিক প্রোগ্রামসমূহ

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | বার্ষিক ক্রীড়া উৎসব এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান | ১৫/১/১৬ এবং ১৬/০১/১৬ |
| ২. | বেস্ট অব লাক-এস এস সি- ২০১৬ পরীক্ষার্থীদের জন্যে বিশেষ দোয়ার প্রোগ্রাম | ২৬/০১/২০১৬ |
| ৩. | একুশ উদ্‌যাপন | ২১/০২/১৬ |
| ৪. | বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশুদিবস উদ্‌যাপন | ১৭/০৩/১৬ |
| ৫. | বার্ষিক বনভোজন (পুলিশ একাডেমি, রাজবাড়ি, টাঙ্গাইল) | ১৪/০২/১৬ |
| ৬. | জাতীয় শিশু কিশোর সমাবেশ ও কুচকাওয়াজ | ২৬/০৩/১৬ |
| ৭. | স্বাধীনতা দিবস উদ্‌যাপন | ৩১/০৩/১৬ |
| ৮. | আন্তঃশ্রেণি হ্যান্ডবল টুর্নামেন্ট<br>✓ বালক (৪র্থ VS ৩য়)<br>✓ বালিকা (৫ম VS ৩য়) | ৩১/০৫/১৬ |
| ৯. | পবিত্র রমজান উপলক্ষে বিশেষ আলোচনা ও দোয়া- সম্মানিত সভাপতি মহোদয় | ২৫/০৬/১৬ |
| ১০. | ঈদ পুনর্মিলনী | ২৩/০৭/১৬ |
| ১১. | জাতীয় শোক দিবস স্মরণে চিত্রাঙ্কন উৎসব | ১৪/০৮/১৬ |
| ১২. | বিজয় দিবস উদ্‌যাপন | ২২/১২/১৬ |

### ৬। সায়েন্স অব লিভিং (SOL এবং YOGA)

কসমো স্কুল সায়েন্স অব লিভিং (SOL) এবং কোয়ান্টাম ব্যায়াম Yoga-কে শিক্ষা কার্যক্রমের সাথে সংযুক্ত করে শিক্ষা পদ্ধতিতে যোগ করেছে ভিন্ন মাত্রা। শিক্ষার্থীরা সপ্তাহে বিভিন্ন আঙ্গিকে ক্লাস করছে এবং ধীরে ধীরে ব্যক্তিত্ববান আদর্শ যোগ্য মানুষ রূপে গড়ে ওঠার মন্ত্রে দীক্ষিত হচ্ছে। এখানে জীবনমুখী বিষয়, যেমন: পরিষ্কার-পরিচ্ছন্নতা, খাদ্যাভ্যাস, নিয়মানুবর্তিতা, মনোযোগ, সু-সম্পর্ক, পরীক্ষায় ভালো ফল লাভের কৌশল, ইতিবাচক জীবনদৃষ্টি এবং বিভিন্ন মনীষীর জীবনধর্মী বিষয় নিয়ে আলোচনা করা হয়ে থাকে। উল্লেখ্য শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতন করে তোলার ক্ষেত্রে কসমো ভর্তি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট মেডিকেল টিমকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

শরীর এবং মন উভয় ঠিক রাখার জন্য পৃথক পৃথক ইন্সট্রাক্টরের মাধ্যমে ইয়োগা ক্লাস পরিচালিত হয়ে আসছে। এ বিষয় দুটির গুণগত মান বাড়ানোর জন্যে আরো কাজ করার সুযোগ রয়েছে।

### ৭। বিশেষ প্রোগ্রাম

বৈঠকে সম্মানিত সভাপতির বিষয়ভিত্তিক আলোচনা উপস্থাপিত হয়। আলোচনার বিষয়সমূহ যেমন- টিমওয়ার্ক, একজন শিক্ষক হিসেবে নিজেকে কীভাবে দেখতে চাই, স্ট্রেস ম্যানেজমেন্ট, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক ইত্যাদি বিষয়সমূহের পাশাপাশি গ্রুপ ওয়ার্কের মাধ্যমে কর্মক্ষেত্রের বিভিন্ন চ্যালেঞ্জ এবং সেগুলোর সমাধান নিয়ে পারস্পরিক আলোচনা, মতবিনিময়, প্রশ্ন উত্তর পর্বের মাধ্যমে স্কুলের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে একটি স্পষ্ট ধারণা দেয়া হয়।

## বিশেষ প্রোগ্রামসমূহ

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | সম্মানিত অভিভাবকবৃন্দ টিম বৈঠক | ২৩/০১/১৬ |
| ২. | সম্মানিত সভাপতি মহোদয়ের সাথে গ্রাজুয়েট প্রোমাস্টার এডমিন-শিক্ষকবৃন্দের প্রোগ্রাম | ০৯/০৪/১৬ |
| ৩. | সভাপতি মহোদয়ের সাথে ডিসিপ্লিন টিমের মিটিং | ২৪/০৪/১৬ |

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | তারিখ |
|---|---|---|
| ৫. | সম্মানিত অধ্যক্ষ মহোদয়ের সাথে শিক্ষকবৃন্দের মিটিং | ২৫/০৬/১৬ |
| ৬. | সম্মানিত সভাপতি-এডমিন মিটিং | ৩০/০৬/১৬ |
| ৭. | সংগীত সন্ধ্যা | ২৩/০৭/১৬ |
| ৮. | ব্যবস্থাপনা টিমের সাথে কসমো স্কুল বনশ্রী শাখার সম্মানিত অভিভাবকবৃন্দের মিটিং | ৩০/০৭/১৬ |
| ৯. | বান্দরবন, লামা শিক্ষার্থীদের ফেন্সিং শারীরিক কসরত | ০৩/০৯/১৬ |
| ১০ | সম্মানিত সভাপতির সাথে সাংস্কৃতিক টিমের বৈঠক | ১৪/১১/১৬ |
| ১১. | সম্মানিত  সভাপতি এবং ব্যবস্থাপনা টিমের সাথে শিক্ষকবৃন্দের প্রোগ্রাম | ১৮/১২/১৬ |

## ৮। টিচার্স ট্রেনিং প্রোগ্রামসমূহ

গতানুগতিক পাঠ দান থেকে বেরিয়ে আধুনিক শিক্ষণ পদ্ধতি প্রয়োগ একটি শ্রমসাধ্য বিষয়। শিক্ষকদের ইন্টারএ্যাকটিভ ক্লাস নেয়ার ব্যাপারে আগ্রহ বাড়ানো এবং দক্ষতা অর্জনের লক্ষ্যে কসমো স্কুলের শিক্ষকমণ্ডলী দ্বারা বিভিন্ন ট্রেনিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এখানে শিক্ষকবৃন্দ তাদের জড়তা ভেঙ্গে শিক্ষার্থীদের মাঝে ভিন্নভাবে নিজেকে উপস্থাপনের অভিজ্ঞতা অর্জন করেন।

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | টিচার্স ওয়ার্কশপ- (প্রেপ-১ থেকে ৪র্থ শ্রেণি) | ০২/০৪/১৬ |
| ২. | লামা টিচার্স প্রোগ্রাম | ২৫/০৫/১৬, ২৬/০৫/১৬ |
| ৩. | টিচার্স ট্রেনিং প্রোগ্রাম | ২৮/০৬/১৬ |
| ৪. | ট্রেনিং প্রোগ্রাম "আর্ট এবং ক্রাফট" | ১৬/০৭/১৬ |
| ৫. | ট্রেনিং প্রোগ্রাম (হোল ব্রেইন টিচিং) | ১৬/০৭/১৬ |
| ৬. | ইংলিশ স্পিকিং ফ্লুয়েন্সি | ২১/০৮/১৬<br>২২/০৮/১৬ |

## ৯। শ্রদ্ধেয় গুরুজীর সাথে  প্রোগ্রাম

শ্রদ্ধেয় গুরুজী পরিচালিত বৈঠকে প্রতি বছর পিইসি, জেএসসি পরীক্ষার্থীদের এবং দায়িত্বপ্রাপ্ত শিক্ষকবৃন্দের জন্য শ্রদ্ধেয় গুরুজী বিশেষ পরামর্শ প্রদান,  আলোচনা, দোয়া ও মেডিটেশন পরিচালনা করেন।

### শ্রদ্ধেয় গুরুজীর সাথে মিটিং সমূহ

| ক্রম | প্রোগ্রামের নাম/ বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | শ্রদ্ধেয় গুরুজীর সাথে ব্যবস্থাপনা টিম মিটিং-১ | ০৬/০৪/১৬ |
| ২. | শ্রদ্ধেয় গুরুজীর সাথে ব্যবস্থাপনা টিম মিটিং-২ | ০৩/০৭/১৬ |
| ৩. | শ্রদ্ধেয় গুরুজীর সাথে ব্যবস্থাপনা টিম মিটিং-৩ | ১৭/০৮/১৬ |
| ৪. | শ্রদ্ধেয় গুরুজীর সাথে ৫ম এবং ৮ম শ্রেণির (পিইসি এবং জেএসসি পরীক্ষার্থীদের) সাক্ষাতকার | ১৮/১০/১৬ |

## ১০। বার্ষিক সাধারণ সভা

২০১৬ সালের ১৭ মার্চ কসমো স্কুলের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যবস্থাপনা টিমের সম্মানিত সদস্যবৃন্দ এবং সম্মানিত স্বেচ্ছা উদ্যোক্তাবৃন্দসহ মোট ২৬ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

## ১১। শিক্ষা বিষয়ক সুবিধাসমূহ

- **কম্পিউটার:** শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে জুনিয়র সেকশন থেকে ICT বিষয়টিকে অন্তর্ভুক্ত করা হয়েছে। শিক্ষার্থীদের ব্যবহারিক ক্লাসের জন্যে স্কুলের কম্পিউটার ল্যাবে ১৫টি হাই কনফিগারেশনের কম্পিউটার রয়েছে।
- **প্রজেক্টর:** প্রতিটি ক্লাসকে আকর্ষণীয় এবং বোধগম্য করে তোলার জন্যে শিক্ষকমণ্ডলী নিয়মিতভাবে প্রজেক্টর ব্যবহার করেন। প্রতিটি ক্লাসরুমে প্রজেক্টর সুবিধা রয়েছে।
- **ল্যাব সুবিধা:** বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্যে রয়েছে সুসজ্জিত তিনটি ল্যাব সুবিধা–রসায়ন, জীববিজ্ঞান ও পদার্থবিজ্ঞান।
- **লাইব্রেরি:** প্রতিষ্ঠানের ষষ্ঠ তলায় একজন লাইব্রেরিয়ানের তত্ত্বাবধানে লাইব্রেরি পরিচালিত হয়। গত ৩১.১২.২০১৬ তারিখ পর্যন্ত লাইব্রেরিতে সংগৃহীত বইয়ের সংখ্যা ৩১৪৫টি।

## ১২। কসমো স্কুলের (মিরপুর) ছাত্র-ছাত্রী এবং শিক্ষকমণ্ডলী এবং অন্যান্য স্টাফদের বিবরণী

| শিক্ষার্থীর সংখ্যা (০১.০১.২০১৭ পর্যন্ত) | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| প্রেপ-ওয়ান | প্রেপ-টু | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি | ৬ষ্ঠ শ্রেণি | ৭ম শ্রেণি | ৮ম শ্রেণি | ৯ম শ্রেণি | ১০ম শ্রেণি | মোট |
| ৫৪ | ৬১ | ১০২ | ৫৫ | ৪৮ | ৭০ | ২৯ | ২৬ | ২৬ | ২৪ | ২০ | ১৩ | ৫২৮ |

| শিক্ষক এবং স্টাফ সংখ্যা (০১.০১.২০১৭ পর্যন্ত) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| মর্নিং সেশন | আফটারনুন সেশন | কো-কারিকুলার | এডমিন | ব্রাদার ও সিকিউরিটি | সিস্টার | মোট |
| ৫৯ জন | ৪০ জন | ১২ | ১৫ জন | ৭ জন | ৩২ জন | ১৬৫ |

## ১৩। মেডিকেল চেক-আপ/ স্বাস্থ্যসেবা

প্রতিষ্ঠানে কর্মরত সবার জন্য স্বাস্থ্যসেবা প্রদানে একজন অভিজ্ঞ চিকিৎসক এর তত্ত্বাবধানে এ কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। নিম্নে এ কার্যক্রমের আওতায় সেবা গ্রহীতাদের সংখ্যার একটি সংক্ষিপ্ত চিত্র তুলে ধরা হলো :

**স্বাস্থ্যসেবা (মিরপুর শাখা)**

| বছর | Service (Category-wise) | | Relation (Category-wise) | |
|---|---|---|---|---|
| | সেবার খাতসমূহ | সেবা গ্রহীতার সংখ্যা | সম্পর্ক | সেবা গ্রহীতার সংখ্যা |
| ২০১৬ | জেনারেল হেলথ এ্যাসেসমেন্ট | ৬০ | ছাত্র | ১৬৭০ |
| | ট্রিটমেন্ট | ৫০১ | শিক্ষক | ৪২ |
| | স্পেসিফিক ফলোআপ | ১৮৯ | স্টাফ | ৪৬ |
| | পরামর্শ | ১৪১ | অন্যান্য | ১ |
| | জেনারালাইজড ফলো-আপ | ৮৬৮ | | |
| মোট | | ১৭৫৯ | | ১৭৫৯ |

## স্বাস্থ্যসেবা (বনশ্রী শাখা)

| বছর | Service (Category-wise) | | Relation (Category-wise) | |
|---|---|---|---|---|
| | সেবার খাতসমূহ | সেবা গ্রহীতার সংখ্যা | সম্পর্ক | সেবা গ্রহীতার সংখ্যা |
| ২০১৬ | জেনারেল হেলথ এ্যাসেসমেন্ট | ২৯ | ছাত্র | ৫১ |
| | ট্রিটমেন্ট | ৬ | শিক্ষক | ৫ |
| | স্পেসিফিক ফলোআপ | ০ | স্টাফ | ২ |
| | পরামর্শ | ৭ | অন্যান্য | ০ |
| | জেনারালাইজড ফলো-আপ | ১৬ | | |
| মোট | | ৫৮ | | ৫৮ |

- **ডেন্টাল চেক-আপ: ২০১৬ সালে মোট ১৯৮ জন শিক্ষার্থীর ডেন্টাল চেক-আপ সম্পন্ন হয়েছে।**

### ১৪। কাউন্সেলিং সেবা

পারিপার্শ্বিক পরিবেশ, বর্তমান সামাজিক প্রেক্ষাপট, সময়ের সাথে দ্রুত পরিবর্তনশীল চাহিদার সাথে খাপখাওয়াতে হয় আমাদের কোমলমতি শিক্ষার্থীদের। বয়সের সাথে সাথে শিক্ষার্থীদের মনের গতি প্রকৃতিতে আসে পরিবর্তন। আর এই পরিবর্তনের ফলে সৃষ্ট মানসিক চাপকে সামলে নিয়ে শিক্ষার্থী যেন ভারসাম্যপূর্ণ একটি অবস্থায় নিজেকে নিয়ে যেতে পারে সেজন্য কাউন্সেলিং সেবা প্রদানের চেষ্টা করা হয় । উল্লেখ্য, পরিবর্তন সবসময় সময়সাপেক্ষ একটি বিষয়। তাই স্বল্প বিরতিতে এর সুফল পাওয়ার আশা নয়, প্রয়োজন অপেক্ষা।

### ১৫। শিক্ষার্থী বৃত্তি

একজন অভিভাবকের ২টি সন্তানের ক্ষেত্রে দ্বিতীয় সন্তান ২৫% এবং ৩টি সন্তানের ক্ষেত্রে ৩য় জন ফুল স্কলারশিপ-এ অধ্যয়ন করার সুযোগ পেয়ে আসছে। শ্রেণি ভিত্তিতে যারা সর্বোচ্চ স্কোর করছে তাদের মর্নিং সেশনের বেতনের উপর ১০০% বৃত্তি প্রদান করা হয়। এছাড়াও জে এস সি এবং পিইসি পরীক্ষায় বৃত্তি প্রাপ্তরাও মর্নিং সেশেনের বেতনের উপর ১০০% বৃত্তি সুবিধা প্রাপ্ত হয়ে আসছে।

### ১৬। সাঁতার

২০১৬ সালে ৪র্থ-৯ম শ্রেণির (৫ম ও ৮ম শ্রেণি ব্যতীত) শিক্ষার্থীদের চিঠির মাধ্যমে নাম সংগ্রহের ভিত্তিতে আগ্রহীদের নিয়ে মিরপুর সুইমিং কমপ্লেক্সে স্কুলের তত্ত্বাবধানে প্রায় ৫০ জনকে সাঁতার শেখানো হয়েছে। ২০১৭ সালেও এ কার্যক্রম অব্যাহত থাকবে।

**১৭। নতুন ভবন**- কসমো স্কুলের সম্প্রসারণের উদ্যোগ হিসেবে মিরপুরের ৫/৫ পল্লবীতে একটি ভবনের দুটি ফ্লোর ভাড়া নেয়া হয়েছে। প্রয়োজনীয় সংস্কারের কাজ শেষে এখানে শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ করা হবে।

### ১৮। আবাসিক সুবিধা

আবাসিক সুবিধার জন্যে পল্লবীতে পাঁচটি ফ্ল্যাট ভাড়া নিয়ে স্কুলের হোস্টেল কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। হোস্টেলে ৪০ জন শিক্ষার্থীর থাকার ব্যবস্থা আছে। আবাসিক সুবিধার পাশাপাশি হোস্টেলে পড়ালেখা, খেলাধুলা ও বিনোদনের ব্যবস্থা রয়েছে।

হোস্টেলের বর্তমান শিক্ষার্থীর সংখ্যা

| হোস্টেল শিক্ষার্থীর সংখ্যা (০১.০১.২০১৭ পর্যন্ত) | | |
|---|---|---|
| **মোট** | **ছাত্র** | **ছাত্রী** |
| ৩৫ জন শিক্ষার্থী | ১৯ জন শিক্ষার্থী | ১৬ জন শিক্ষার্থী |

**১৯। বনশ্রী ক্যাম্পাস**

২০১৫ তে বনশ্রী শাখা শুরুর উদ্যোগ গ্রহণ করা হয় এবং সকল অবকাঠামোগত কাজ ২০১৫ তে শেষ হয়। বাড়ি নং-৩৭, রোড-০৬, ব্লক-বি, বনশ্রীতে ৩টি ফ্ল্যাট ভাড়া নিয়ে ২০১৬ সালের বার্ষিক কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়েছে। ২০১৬ তে সেখানে প্রেপ-ওয়ান, প্রেপ-টু এবং ১ম শ্রেণি নিয়ে শিক্ষা কার্যক্রম শুরু হয়। পর্যায়ক্রমে প্রতি বছর একটি করে ক্লাস বাড়ছে। বর্তমানে ২য় শ্রেণি পর্যন্ত শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

**বর্তমানে স্কুলের বনশ্রী শাখার ছাত্র-ছাত্রী, শিক্ষকমণ্ডলী এবং অন্যান্য স্টাফদের সংখ্যা নিম্নরূপঃ-**

| মোট শিক্ষক | এডমিন | সিকিউরিটি ও সিস্টার | মোট শিক্ষার্থী | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রেপ-ওয়ান | প্রেপ- টু | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | মোট |
| ১৩ জন | ৩ জন | ৫ জন | ৬ জন | ১১ জন | ৪ জন | ৭ জন | ২৮ জন |

**২০। ২০১৬ সালের হিসাবের বিবরণী : ANNEXURE-A -তে বর্ণিত**

**২১। ৩১.১২.২০১৬ তে স্কুলের সম্পদের বিবরণী : ANNEXURE-B -তে বর্ণিত**

২০১৭ সালে স্কুলের প্রতিটি কার্যক্রমের সফলতার জন্য দোয়া কামনায়-

ধন্যবাদান্তে
কসমো স্কুল